

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.২২১০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "International Memory of the World Registrar"-এ বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য (World Documentary Heritage) হিসেবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশের ০৫টি প্রতিষ্ঠানকে ইউনেস্কো কর্তৃক প্রদত্ত সনদ হস্তান্তর অনুষ্ঠানসরাসরি সম্প্রচার।

অন্য ০৬ মার্চ ২০১৮, মঙ্গলবার সন্ধ্যা ৬টা ৩০মিনিটে গণভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "International Memory of the World Registrar"-এ বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য (World Documentary Heritage) হিসেবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশের ০৫টি প্রতিষ্ঠানকে ইউনেস্কো কর্তৃক প্রদত্ত সনদ হস্তান্তর অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত সনদ হস্তান্তর অনুষ্ঠান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েবসাইট www.betar.gov.bd কে সরাসরি সম্প্রচার হবে। এছাড়া বাংলাদেশ বেতারের অন্যান্য চলমান আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গে উক্ত অনুষ্ঠান একযোগে রীলে হবে।

- ২। উক্ত অনুষ্ঠানপ্রচারের সময় সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস অনুবিভাগের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে অনুষ্ঠানপ্রচার নিশ্চিত করবেন।
- ৩। উক্ত অনুষ্ঠানপ্রচারকালে ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান, আবহাওয়াবর্তা মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এক্ষেত্রে ৮১৯ কিলোহার্জ ট্রান্সমিটার প্রয়োজনে এফ.এম ৯৭.৬ মেগাহার্জ ট্রান্সমিটারকে অনুসরণ করা হবে। ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে পূর্ব নির্ধারিত অনুষ্ঠানপ্রচার বন্ধ থাকবে/সমস্বয়ের মাধ্যমে এফ.এম ফ্রিকোয়েন্সিতে (সম্ভব হলে) প্রচার হবে।
- ৪। উক্ত অনুষ্ঠান প্রচারকালে মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জে, এফ.এম ১০৪.০ মেগাহার্জে ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মেগাহার্জে ও অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের এফ.এম ফ্রিকোয়েন্সিতে পূর্বনির্ধারিত খেলার ধারাবিবরণী যথারীতি প্রচার হবে। তবে এ সময় ঢাকা-খ এবং এফ.এম ৯৭.৬ মেগাহার্জে ঢাকা কেন্দ্রের বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
- ৫। উক্ত অনুষ্ঠানসম্প্রচারের সময়ে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান প্রচার শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিল্ডে যাবে।
- ৬। উক্ত অনুষ্ঠানসরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, গণভবন, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন এবং স্যাটেলাইটের মাধ্যমে আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠান প্রেরণ ব্যতীত গ্রহণ করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
- ৭। সনদ হস্তান্তর অনুষ্ঠানসম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৮। সনদ হস্তান্তর অনুষ্ঠানের ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। বাংলাদেশ বেতারের সংশ্লিষ্ট কেন্দ্রের আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী-গণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং উক্ত অনুষ্ঠান প্রচারকালীন প্রচার কার্যক্রম তত্ত্বাবধান ও যথাসময়ে প্রচার/রীলে নিশ্চিত করবেন।
- ১০। উক্ত অনুষ্ঠান প্রচারের পূর্বে বাষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার জন্য আঞ্চলিক পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১১। উক্ত অনুষ্ঠানসম্প্রচারের পূর্বে/পরে ফিলার প্রচারে স্ব স্ব উপস্থাপনা শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের ট্যালিকা অনুসরণ করবে।
- ১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(সিদ্দিকুল হুসেইন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮-৩০৬৭

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/পুরাতন প্রচার ভবন, শাহবাগ, ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিয়ন্ত্রক প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
- ৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/রাঙামাটি/বান্দরবান/ঠাকুরগাঁও/কক্সবাজার।